দৈনিক
ইত্তেফাক

তারিখ 14 OCT 2016
পৃষ্ঠা 2 কলাম 6

# জঙ্গিবাদ প্রতিরোধে শিক্ষকদের উপরও নজরদারি বাড়াতে হবে

--------------- শিক্ষামন্ত্রী

■ সিলেট অফিস

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, জঙ্গিবাদ প্রতিরোধে শুধু শিক্ষার্থী নয়, শিক্ষকদের উপরও নজরদারি বাড়াতে হবে। দেশের ভাবমূর্তি নষ্ট করে দেশের সর্বনাশ করতেই একটি মহল জঙ্গিবাদ ছড়ানোর চেষ্টা করছে। সরকার জঙ্গিবাদবিরোধী সব ধরনের কার্যক্রম অব্যাহত রাখবে জানিয়ে তিনি বলেন, এ জন্য সামাজিক আন্দোলন গড়ে তুলতে শিক্ষকদের কার্যকর ভূমিকা পালন করতে হবে। খাদিজার উপর হামলার ঘটনা প্রমাণ করে শিক্ষাপ্রতিষ্ঠানেও ছাত্রীরা নিরাপদ নয়।

গতকাল বৃহস্পতিবার সিলেট শিক্ষাবোর্ড আয়োজিত 'শিক্ষার উন্নত পরিবেশ, জঙ্গিবাদমুক্ত শিক্ষাঙ্গন' শীর্ষক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

সিলেট শিক্ষাবোর্ডের চেয়ারম্যান গোলাম কিবরিয়া তফাদারের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন শিক্ষা মন্ত্রণালয়ের সচিব সোহরাব হোসাইন, অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমদ, সিলেটের বিভাগীয় কমিশনার জামাল উদ্দিন, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরেরর মহাপরিচালক ওয়াহেদুজ্জামান, সিলেটের জেলা প্রশাসক জয়নাল আবেদীন, মেট্রোপলিটন পুলিশ কমিশনার কামরুল আহসান, পুলিশ সুপার মোহাম্মদ মনিরুজ্জামান প্রমুখ।